**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**16 JUNE 2024** **7:35—7:40 AM IST**

==================================================================

বাল্যবিবাহ ও নারী নির্যাতনের ঘটনায় জড়িত মামলাগুলির অপরাধী যাতে রেহাই না পায় সেবিষয়ে আইনজীবিদের উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আহ্বান জানিয়েছেন । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল শিবসাগর জেলার বিষ্ণুনগরে নবনির্মিত আদালত ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করে সমগ্র রাজ্যে আইনী পরিকাঠামো উন্নত করার জন্য সরকারের দায়বদ্ধতার ওপর গুরুত্ব আরোপ করেন । মূখ্যমন্ত্রী আইনজীবিদের নতুন ন্যায় সংহিতা দর্শন সহ জনসাধারণকে দ্রুত সেবা প্রদানের ক্ষেত্রে ব্রতী হবার আহ্বান জানান ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল আসামের যোরহাট জেলা এবং দক্ষিণ ত্রিপুরার জনসাধারণের দীর্ঘ দিনের দাবীর পরিপ্রেক্ষিতে আলিপুরদুয়ার - লামডিং ইন্টারসিটি এক্সপ্রেসের পরিষেবা লামডিং থেকে মরিয়ানি পর্যন্ত এবং শিয়ালদহ - আগরতলা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনের পরিষেবা আগরতলা থেকে সাব্রুম পর্যন্ত সম্প্রসারণ করার সিদ্ধান্ত নিয়েছে । এই সিদ্ধান্ত আজ থেকে কার্যকর করা হচ্ছে ।

সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে শিয়ালদহ - সাব্রুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আজ থেকে প্রতি মঙ্গল , বৃহস্পতি, শুক্র ও রবিবার সন্ধ্যা ৬টা ৫০ মিনিটে শিয়ালদহ থেকে যাত্রা করে প্রতি বুধ , শুক্র , শনি ও সোমবার রাত ৮টায় সাব্রুম পৌছবে । একই ভাবে সাব্রুম - শিয়ালদহ এক্সপ্রেস আগামী ১৮-ই জুন থেকে প্রতি মঙ্গল , বৃহস্পতি , শনি ও রবিবার সন্ধ্যা ৬টা ২০ মিনটে সাব্রুম থেকে যাত্রা করে প্রতি বুধ , শুক্র, রবি ও সোমবার সন্ধ্যা ৭টা ২০ মিনিটে শিয়ালদহ পৌছবে । এই সম্প্রসারণের ফলে দক্ষিণ ত্রিপুরার যাত্রীরা বিশেষভাবে উপকৃত হবেন ।

---

কাছাড় জেলায় ইদ-উদ-জোহা উৎসব সুষ্ঠুভাবে পালনের উদ্দেশ্যে জেলার বিভিন্ন এলাকায় ম্যাজিস্ট্রেট নিয়োজিত করা হয়েছে । সে অনুযায়ী শিলচরের বিভিন্ন পুলিশ স্টেশন এলাকার জন্য চক্র আধিকারীক অরুনজ্যোতি দাসকে নিয়োজিত করা হয়েছে । অনুরূপভাবে তারাপুর শ্রীকোণা এলাকার জন্য সহকারী আয়ুক্ত জোনালী দেবী ,

রাঙ্গিরখাড়ি , ন্যাশনেল হাইওয়ে , ঘুঙ্গুর এলাকার জন্য সহকারী আয়ুক্ত লক্ষ্যজিৎ গগৈ , রংপুর , মালুগ্রাম এলাকার জন্য সহকারী আয়ুক্ত বহ্নিশিখা চেতিয়া , সোনাই , কচুদরম ও ধলাই থানা এলাকার জন্য চক্র আধিকারীক মারিয়া তানিম ও সিদ্ধার্থ কুমার ,কাটিগড়া থানা এলাকায় চক্র আধিকারীক ডা:রবার্ট টিউলোর এবং উধারবন্দ ও বড়খলা থানা এলাকায় চক্র আধিকারীক ঋতুরাজ বরদলৈ কে নিয়োজিত করা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলায় আসন্ন ইদ-উদ-জোহা উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা আয়ুক্তের কার্যলয়ের সভাকক্ষে এক বৈঠক অনুষ্ঠিত হয় । জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদবের পৌরহিত্যে আয়োজিত বৈঠকে অতিরিক্ত জেলা আয়ুক্ত ধ্রুবজ্যোতি পাঠক ,অতিরিক্ত পুলিশ সুপার প্রতাপ দাস ,অমৃতরাজ চৌধুরী সহ জেলার বিভিন্ন ইদগাহ ও মসজিদ কমিটির কর্মকর্তারা অংশগ্রহণ করেন । বৈঠকে জেলা আয়ুক্ত শ্রী যাদব শান্তিপূর্ণভাবে ইদ-উদ-জোহা উৎসব উদযাপনের জন্য সবাইকে নিয়ম নীতি মেনে চলার আহ্বান জানান । সে অনুযায়ী কোরবানি কোনো প্রকাশ্য স্থানে না করা , কোরবানির বর্জ্য গভীর গর্তে পুতে ফেলা , কোরবানির মাংস পরিবহন না করে ওই স্থানেই নিজেদের মধ্যে বিতরণ করার অনুরোধ করা হয়েছে । এদিকে এই উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে করিমগঞ্জ জেলায় আইন শৃঙ্খলা সম্পর্কীত কোনো বার্তা প্রেরণ করতে ২৪ ঘন্টা খোলা থাকা
একটি কন্ট্রোল রুম রয়েছে ,এর নম্বর হচ্ছে ৮০৯৯৬৬২২৭৫। বৈঠকে ইদুজ্জোহা উৎসব যাতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয় তার জন্য ইদগাহ কমিটিগুলির পক্ষ থেকে পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে বলে জানানো হয় ।

---

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভর্তি বাতিল হওয়া ছাত্র-ছাত্রীদের অর্থ চলতি বছরের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সম্পূর্ণ ফিরিয়ে দিতে হবে । বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ- ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নতুন মাশুল প্রত্যার্পণ নীতি অনুসারে এই বিষয়ে ঘোষণা করেছে। উল্লেখ্য- ছাত্রছাত্রী ও অভিভাবকরা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভর্তি বাতিল অথবা প্রত্যাহারের পর মাশুল ফিরিয়ে না দেওয়া সম্পর্কে অভিযোগ উত্থাপন করার পরিপ্রেক্ষিতে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য- কেন্দ্রীয় ও রাজ্য আইনের অধীনে সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান, ডিম্ড বিশ্ববিদ্যালয় এবং ভর্তি সংক্রান্ত পরামর্শ প্রদানের সঙ্গে জড়িত সংস্থা সমূহের ক্ষেত্রে এই নীতি প্রযোজ্য হবে । ইউ জি সি আরো জানিয়েছে যে- চলতি বছরের ৩০ শে সেপ্টেম্বরের পর থেকে ৩১ শে অক্টোবর পর্যন্ত সর্বাধিক এক হাজার টাকা প্রোসেসিং ফি হিসেবে কেটে নেওয়ার পর বাকি টাকাগুলি ফিরিয়ে দিতে হবে ।

---

গৌহাটীর আবহাওয়া বিজ্ঞান বিভাগ ডিমা-হাসাও জেলায় আগামী দুই দিনের জন্য রেড এলার্ট জারী করেছে । ডিমা- হাসাও এলাকায় অবিরাম বৃষ্টিপাতের ফলে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে এই সেকশন হয়ে চলাচল করা কয়েকটি ট্রেন বাতিল এবং কয়েকটির সময় পুর্ননির্ধারণ করেছে । এর

পরিপ্রেক্ষিতে আজ গুয়াহাটি-শিলচর , দুল্লভছড়া-গুয়াহাটি এক্সপ্রেস, রঙিয়া-শিলচর-এক্সপ্রেস এবং নিউ তিনসুকিয়া-শিলচর এক্সপ্রেস ট্রেনগুলির যাত্রাও বাতিল করা হয়েছে।

---

বাংলার তৃতীয় ভুবন এই বরাক উপত্যকায় বাংলা সাহিত্যের গৌরবময় ইতিহাসের পথ ধরে এই প্রথমবার বাংলায় সাহিত্য অ্যাকাদেমি- যুব পুরস্কার পেলেন শিলচরের সাহিত্যকর্মী ও কবি ডঃ সুতপা চক্রবর্তী । ২০২২ সালে কোলকাতা বইমেলায় প্রকাশিত তার 'দেরাজে হলুদ ফুল, গতজন্ম' কবিতার বইটির জন্য সাহিত্য অ্যাকাদেমি যুব পুরস্কার পেলেন শ্রীমতি চক্রবর্তী । বরাক উপত্যকা তথা সমগ্র আসামে বাংলায় সাহিত্য অ্যাকাদেমি যুব পুরস্কার পাওয়ার জন্য বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের পক্ষ থেকে তাকে অভিনন্দন জানানো হয়েছে। সম্মেলনের সহ-সভাপতি ইমাদ উদ্দিন বুলবুল এই বিষয়ে বলেছেন যে- এই পুরস্কার একাদশ শহিদের ভূমিকে গৌরবান্বিত করেছে । বরাকের সাহিত্য মহলে তার এই প্রাপ্তিতে ডঃ চক্রবর্তীকে অভিনন্দন জানানো হচ্ছে ।

করিমগঞ্জ জেলায় জন্মগ্রহণ করা সুতপা করিমগঞ্জ কলেজ থেকে স্নাতক হওয়ার পর আসাম বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ও পি এইচ ডি ডিগ্রি অর্জন করেন । বর্তমানে বহুদিন ধরে শিলচরের বাসিন্দা ডঃ চক্রবর্তীর তিনটি কবিতার বই ইতিমধ্যে প্রকাশিত হয়েছে । এরমধ্যে 'মায়াবিদ্যা সনেট শতক' এবং 'ভ্রমর যান' নামের সিলেটি কবিতার বই রয়েছে । তার এই পুরস্কার পাওয়া নিয়ে বলতে গিয়ে ডঃ চক্রবর্তী আকাশবাণীকে জানিয়েছেন যে- অতন্দ্র যুগের থেকে এই উপত্যকার কবিতার ধারার বহমান ঐতিহ্য রয়েছে । তার এই পুরস্কার প্রাপ্তিতে সন্তোষ প্রকাশ করে তিনি বলেন যে- তিনি এই পুরস্কার পেয়ে খুব খুশি ।

এছাড়া শিশু সাহিত্য পুরস্কারের জন্য অসমীয় ভাষার 'বিপন্ন বিস্ময়' বইটির জন্য আসামের রঞ্জু হাজারিকাকে পুরস্কৃত করা হচ্ছে । এদিকে অসমীয়া ভাষার যুব সাহিত্য পুরস্কার পেয়েছেন- নয়নজ্যোতি শর্মা । তার বইয়ের নাম হচ্ছে- 'জাল কটা জুই' ।

---